



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন
কমিটি



...

সভাপতি	নাসিমা বেগম পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২৪ মে, ২০২৩
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	৪র্থ তলার সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সূচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩-এর কার্যক্রম [১.৩] “সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন” অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে জিএসবি’র অপারেশন ও সমন্বয় শাখা এবং পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার সাথে একটি ত্রৈমাসিক সভা গত ২৪ মে, ২০২৩ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতির সভাপতিত্বে অধিদপ্তরের ৪র্থ তলার সভা কক্ষে আয়োজন করা হয়।

আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সময় সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশিত এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় উক্ত সভার আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সংশ্লিষ্ট শাখাসমূহের প্রধান এবং উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের সাথে বর্তমানে বাস্তবায়িত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান প্রতিশ্রুতিতে কী ধরনের পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যেতে পারে সেকল বিষয় নিয়ে আলোচনা করেন। সভায় নাগরিক সেবার আওতাধীন তথ্য উপাত্ত সরবরাহ ও গবেষণা কর্মে সহযোগিতার ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও সেবা প্রদানের সময়সীমা বিষয়ে বিষদ আলোচনা করা হয়।

এছাড়াও সভায় উপস্থিত সংশ্লিষ্ট শাখা সমূহের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে সেবা হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখাসমূহ তাদের বিদ্যমান নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ প্রদেয় সেবা বিষয়ে হালনাগাদকৃত মতামত আগামী ৩১ মে, ২০২৩ তারিখের মধ্যে কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন।
- নাগরিক সেবার অন্তর্গত তথ্য উপাত্ত সরবরাহ ও প্রাতিষ্ঠানিক সেবার অন্তর্গত গবেষণা কর্মে সহযোগিতা প্রদান শিরোনামে সেবার ক্ষেত্রে সেবা প্রদানের সময়সীমা ০৭ (সাত) কার্যদিবসের পরিবর্তে ১৫ (পনেরো) কার্যদিবস নির্ধারণ করা হয়।
- সংশ্লিষ্ট শাখা সমূহের প্রদেয় সেবার মধ্যে রুটিন দায়িত্ব অন্তর্ভুক্ত করা যাবে না।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

করেন।



নাসিমা বেগম
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৫৮

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০

৩১ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব), উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী প্রধান, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) স্টোর অফিসার, স্টোর উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১০) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১১) সংগ্রহন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সংগ্রহন উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১২) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৩) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৪) গবেষণা অফিসার-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৫) সহকারী পরিচালক (র ও নি) (অতিরিক্ত দায়িত্ব), রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৭) সহকারী পরিচালক (ভূপদার্থ)-৩, অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৮) পরিবহন কর্মকর্তা, পরিবহন উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১৯) সাঁট মূদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২০) সাঁট মূদ্রাঙ্করিক কাম কম্পিউটার অপারেটর-২, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২১) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-২ উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২২) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-১ উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২৩) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-৪ উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২৪) প্রধান সহকারী, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২৫) প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৩ উপশাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২৬) অফিস সহকারী-১, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: মাহমুদুল হাসান

সহকারী পরিচালক (রসায়ন)-২ ও সদস্য সচিব,
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও
মূল্যায়ন কমিটি